

নয়া দিগন্ত

ঢাকা, বৃহস্পতিবার ২৫ শ্রাবণ ১৪২৫, ৯ আগস্ট ২০১৮



ইউআইইউয়ের নতুন ভিসি অধ্যাপক চৌধুরী মোফিজুর রহমান

রাষ্ট্রপতি ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চ্যান্সেলর আবদুল হামিদ বিশ্ববিদ্যালয়ের ভিসি হিসেবে অধ্যাপক ড. চৌধুরী মোফিজুর রহমানকে চার বছরের জন্য নিয়োগ দিয়েছেন। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির নতুন ভিসি চৌধুরী মোফিজুর রহমান বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি হিসেবে পরপর তিনবার দায়িত্ব পালন করেন। ইউআইইউতে যোগ দেয়ার আগে তিনি বুয়েটের কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ছিলেন।

এ সময়ে তিনি কম্পিউটার সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। বুয়েট থেকে কৃতিত্বের সাথে বিএসসি, এমএসসি শেষ করে চৌধুরী মোফিজুর রহমান মনোবসু বৃত্তি নিয়ে জাপানের টোকিও ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে পিএইচডি লাভ করেন।

এ ছাড়াও তিনি ইউরোপীয় ইউনিয়নের তিনটি প্রকল্পের (ইলিংক, সিলিংক ও ফিউশন) যুগ্ম সমন্বয়কের দায়িত্ব পালন করেন। দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে তার ১১৯টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। বিজ্ঞপ্তি।